

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd




স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০৩.১৯-৭২৩

তারিখঃ ০৩ জুন ২০২০ খ্রিস্টাব্দ
২০ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে তথ্যাদি প্রেরণ

- সূত্রঃ (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.১৭ (অংশ-১)-১৪৫১, তারিখঃ ০১/১০/২০২০ খ্রিঃ
(২) কুর্মিটোলা জেনারেল হাসপাতালের স্মারক নং- কুঃজেঃহাঃ/প্রশাসন/২০২০/১১৫৬, তারিখঃ ১৫/০৪/২০২০ খ্রিঃ
(৩) কুর্মিটোলা জেনারেল হাসপাতালের স্মারক নং- কুঃজেঃহাঃ/প্রশাসন/২০২০/৪৫৬, তারিখঃ ১১/০২/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরধীন কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা কার্যালয়ে আউটসোর্সিং এর মাধ্যমে ১৬২ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে ১নং সূত্রোক্ত স্মারকে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। তদপেক্ষিতে ২নং সূত্রোক্ত স্মারকে উক্ত হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক ০২ (দুই) বার দরপত্র আহবান করেও ঠিকাদার নির্বাচন করা সম্ভব না হওয়ায় জনবল নিয়োগ করা হয়নি মর্মে জানানো হয়েছে। সে অনুযায়ী ৩নং সূত্রোক্ত স্মারকে প্রস্তাবিত ৩৬২ জন সেবা কর্মী স্বাস্থ্য সেবা বিভাগের অনুমোদন ব্যতীত কিভাবে কর্মরত রয়েছে সে বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাগজপত্র ও ঠিকাদারের সঙ্গে চুক্তির কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।


(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

পরিচালক
কুর্মিটোলা জেনারেল হাসপাতাল
কুর্মিটোলা, ঢাকা

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।